



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ফেব্রুয়ারী ৩, ২০০৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ, ২১ মাঘ ১৪১১/৩ ফেব্রুয়ারী ২০০৫

এস, আর, ও নং ৩৩-আইন/২০০৫।—যেহেতু The Essential Services (Second) Ordinance, 1958 (E.P. Ord. No. XLI of 1958), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লেখিত, এর section 3 এর sub-section (1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, অত্র মন্ত্রণালয়ের বিগত ২১শে শ্রাবণ ১৪১০ বাং মোতাবেক ৫ই আগস্ট ২০০৩ ইং তারিখের প্রজ্ঞাপন নং এস, আর, ও নং ২৪২ আইন/২০০৩ শ্রকম-৫/৪(৫)/২০০৩ দ্বারা বাংলাদেশ বিমান কর্পোরেশনের অধীনস্থ সকল শ্রেণীর চাকুরীর ক্ষেত্রে উক্ত Ordinance প্রযোজ্য ঘোষণা করিয়াছে ; এবং

যেহেতু, বিগত ২১শে শ্রাবণ ১৪১১ বাং মোতাবেক ৫ই আগস্ট ২০০৪ইং তারিখের এস, আর, ও নং ২৪০ আইন/২০০৪ দ্বারা উপরি-উক্ত কর্পোরেশনের অধীনস্থ সকল শ্রেণীর চাকুরীর ক্ষেত্রে উক্ত Ordinance এর প্রযোজ্যতা আরও ৬ (ছয়) মাস বৃদ্ধি করা হইয়াছে, যাহার মেয়াদ আগামী ৪-২-২০০৫ ইং তারিখে শেষ হইবে ; এবং

যেহেতু, উপরি-উক্ত কর্পোরেশনের অধীনস্থ সকল শ্রেণীর চাকুরীর ক্ষেত্রে উক্ত Ordinance প্রয়োগের প্রয়োজনীয়তা এখনও বিদ্যমান ;

সেহেতু, সরকার, উক্ত Ordinance এর section 3 এর sub-section (2) তে প্রদত্ত ক্ষমতাবলে এই মর্মে ঘোষণা করিল যে, বাংলাদেশ বিমান কর্পোরেশনের অধীনস্থ সকল শ্রেণীর চাকুরীর ক্ষেত্রে উক্ত Ordinance ৫-২-২০০৫ ইং তারিখ হইতে (উক্ত তারিখ অন্তর্ভুক্ত) আরও ৬ (ছয়) মাস প্রযোজ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ শাহজাহান আলী সরদার
উপ-সচিব (শ্রম)।

মোঃ নূর-নবী, উপ-নিয়ন্ত্রক (উপ-সচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

(৪৬১)

মূল্য : টাকা ১.০০